



ফেসবুকে আপত্তিকর ছবি পোস্ট করার ঢাকা বিশ্ববিদ্যালয়ের জামীমউদ্দীন হল শাখা ছাত্রলীগ সভাপতির বিরুদ্ধে ব্যবস্থা নেওয়ার দাবি জানিয়েছেন শিক্ষার্থীরা। সোমবার শামসুন নাহার হলের সামনে আলোর মিছিল করেন তারা।

ফেসবুকে 'আপত্তিকর' ছবি

## ঢাবির এক ছাত্রলীগ নেতার শাস্তির দাবিতে ছাত্রীদের মিছিল

■ বিশ্ববিদ্যালয় প্রতিবেদক  
ফেসবুকে 'আপত্তিকর' ছবি পোস্ট করার কারণে ঢাকা বিশ্ববিদ্যালয়ের কবি জামীমউদ্দীন হল শাখা ছাত্রলীগ সভাপতি মেহেদী হাসান রনির বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থার দাবি জানিয়েছেন সাধারণ ছাত্রীরা। গতকাল সন্ধ্যায় ঢাকা বিশ্ববিদ্যালয়ের সাধারণ ছাত্রীবৃন্দ বানারে প্রতিবাদী আলোর মিছিল থেকে তারা এ দাবি জানান।

সন্ধ্যায় শামসুন নাহার হলের সামনে থেকে শুরু হওয়া যৌন মিছিল টিএসসির রাস্তা ভাঙার্ষ্যে এসে শেষ হয়। মিছিলে যুগে কালো কাপড় বেঁধে অর্ধশতাধিক ছাত্রী অংশ নেন।

আয়োজক মঞ্চের আহ্বায়ক পদাধিকারী মাষ্টার্সের শিক্ষার্থী

শামীমা আক্তার বলেন, ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস ছাত্রীদের জন্য নিরাপদ নয়। সহপাঠী ও অনার্স ক্যাম্পাসসহ সামাজিক যোগাযোগ সাইটে আয়তনের নিয়ে আপত্তিকর মন্তব্য ও ইভটিজিংয়ের ঘটনা ঘটায়। এসবের প্রতিকার হয় না। আগের কয়েকটি ঘটনায় শাস্তি হলে এ রকমটি বারবার ঘটত না।

মানববন্ধনে ছাত্রলীগের কেন্দ্রীয় যুগ্ম সাধারণ সম্পাদক শারমিন সুলতানা লিপি ও সাংগঠনিক সম্পাদক আফরিন নুসরাত সংহতি প্রকাশ করেন।

প্রসঙ্গত, কয়েক দিন আগে ফেসবুকে নিজের একটি ছবি আপলোড করেন মেহেদী। ছবিতে নারীদের প্রতি আপত্তিকর ইঙ্গিত আছে— এমন মন্তব্য করেন একজন। পরে সেই ছবির নিচে বিভিন্ন রকম আপত্তিকর মন্তব্য আসে। গত দুই দিন ক্যাম্পাসে বিভিন্ন ছাত্রী হলের নেতাকর্মীরা এর বিরুদ্ধে ব্যবস্থা নেওয়ার দাবি জানিয়ে আসছেন। কিন্তু ছাত্রলীগ ও বিশ্ববিদ্যালয় প্রশাসনের পক্ষ থেকে কোনো ব্যবস্থা নেওয়া হয়নি।

তবে ছবির বিষয়ে মেহেদী সাংবাদিকদের বলেন, 'ছবিটি আপত্তিকর ছিল না। অনার্স আপত্তিকর মন্তব্য করেছেন। এখানে আমার কিছু করার নাই।'